

# ঢাকসু নির্বাচনে ইউটিএলের ১০ প্রস্তাবনা

রেফায়েত উল্যাহ রূপক, চবি

প্রকাশিত: ১২:০৫, ১৩ অক্টোবর ২০২৫



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ঢাকসু) ও হল ও হোস্টেল সংসদ নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ রাখার জন্য করণীয় বিষয়ে ১০ দফা প্রস্তাবনা দিয়েছে ইউনিভার্সিটি টিচার্স লিংক (ইউটিএল)।

সোমবার (১৩ অক্টোবর) সকাল ১০টায়  
প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিন বরাবর তারা এই

প্রস্তাবনা দেন।

তাদের দেওয়া ১০ দফা প্রস্তাবনার মধ্যে রয়েছে—ভুয়া ভোটার ও জাল ভোট রোধ,

ওএমআর মেশিনের স্বচ্ছতা নিশ্চিতকরণ, কেন্দ্রভিত্তিক ফলাফল ঘোষণা, আচরণবিধি কঠোরভাবে অনুসরণ, নারী শিক্ষার্থীদের নিরাপত্তা,

ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, প্রযুক্তিনির্ভর নজরদারি, প্রচারণায় শৃঙ্খলা ও গণআস্থা বজায় রাখা,

নির্বাচনকালীন কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ও সহায়তা কেন্দ্র স্থাপন, এবং ফলাফল প্রকাশের পর শৃঙ্খলা রক্ষা।

প্রস্তাবনা দেওয়ার সময় উপস্থিত ছিলেন সংগঠনটির চবি শাখার আহ্বায়ক অধ্যাপক ড. মো. এনায়েত উল্যাহ পাটোয়ারী, সদস্য সচিব অধ্যাপক ইব্রাহিম হোসেন, যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. রোকনুজ্জামান আজাদ, অধ্যাপক ড. সিরাজ উদ্দিন, সদস্য অধ্যাপক ড. সেলিম জাহাঙ্গীর ও অধ্যাপক ড. ওয়াহিদা সুমি।

